

আবাসিক বিদেশি মুদ্রা (অন্তর্দেশীয়)
অ্যাকাউন্ট - কূটনৈতিক প্রতিনিধিদের জন্য সুবিধা

এ. পি. (ডি-আই-আর সিরিজ) বিজ্ঞপ্তি নং.৫৩ নভেম্বর ২৩, ২০০২
ভারতীয় রিজার্ভ ব্যাংক
বিনিময় নিয়ন্ত্রণ বিভাগ
কেন্দ্রীয় অফিস,
মুম্বাই ৪০০ ০০১

এ. পি. (ডি-আই-আর সিরিজ) বিজ্ঞপ্তি নং.৫৩

নভেম্বর ২৩, ২০০২

প্রতি

বিদেশি মুদ্রা বিনিময়ে সকল অনুমোদিত ডিলারগণ

মহাশয়া/মহাশয়,

রেসিডেন্ট ফরেন কারেন্সী (ডেমস্টিক) অ্যাকাউন্ট - নাগরিকদের জন্য সুবিধাসমূহ

১লা নভেম্বর, ২০০২ সালে জারি করা বিজ্ঞপ্তি নং এ. পি. (ডি-আই-আর সিরিজ) বিজ্ঞপ্তি নং. ৫৩ (কপি দেওয়া হল) এর প্রতি অনুমোদিত ডিলারদের দৃষ্টি আকর্ষণ করছি, যার শর্ত অনুযায়ী সরকারের বিজ্ঞপ্তি প্রকাশ স্থগিত থাকার ফলে, আবাসিক বিদেশি মুদ্রা (অন্তর্দেশীয়) অ্যাকাউন্টগুলি খোলার জন্য আবেদনপত্রগুলি রিজার্ভ ব্যাংকের আঞ্চলিক কার্যালয়ে অনুমোদনের জন্য পাঠাতে হবে।

২. রিজার্ভ ব্যাংক তার ৩রা মে, ২০০ এ জারি করা বিজ্ঞপ্তি নং. FEMA.10/ 2000-RB সংশোধিত করে বিজ্ঞপ্তি নং. FEMA.74/2002-RB, নভেম্বর ১, ২০০২ (কপি দেওয়া হল) অনুযায়ী, ভারতে আবাসিক ব্যক্তিকে রিজার্ভ ব্যাংক আবাসিক বিদেশি মুদ্রা (অন্তর্দেশীয়) অ্যাকাউন্ট, যেটি বিদেশি মুদ্রা, ব্যাংক নোট ও ট্র্যাভেলার্স চেক হতে প্রাপ্ত মুদ্রা দ্বারা খোলা যাবে, তাতে সম্মতি জানাচ্ছে।

৩. সুতরাং, অনুমোদিত ডিলারদের নির্দেশ দেওয়া হচ্ছে যে, ভারতে আবাসিক ব্যক্তির জন্য এই রকম অ্যাকাউন্ট খোলা, রাখা ও রক্ষণাবেক্ষণ করা -- সব ক্ষেত্রেই এই এ. পি. (ডি-আই-আর সিরিজ) বিজ্ঞপ্তি নং.৩৭ বিজ্ঞপ্তির নির্দেশিকা অনুসরণ করতে হবে।

৪. বিজ্ঞপ্তি নং. FEMA.10/ 2000-RB মে ৩, ২০০০ এর প্রয়োজনীয় সংশোধন হতে পারে, যেরকম উল্লেখিত হয়েছে বিজ্ঞপ্তি নং.FEMA.74/2002-RB নভেম্বর ১, ২০০২।

৫. অনুমোদিত ডিলারগণ এই বিজ্ঞপ্তির বক্তব্যের প্রতি নিজেদের কর্মস্থলে সকলের দৃষ্টি আকর্ষণ করতে পারেন।

৬. এই বিজ্ঞপ্তির নির্দেশিকাগুলি ইস্যু করা হচ্ছে ফরেন এক্সচেঞ্জ ম্যানেজমেন্ট অ্যাক্ট, ১৯৯৯ (১৯৯৯ এর ৪২) এর , ধারা১০(৪) ও ধারা ১১(১) অনুযায়ী।

ইতি ভবদীয়,

গ্রেস কোশি
চিফ জেনারেল ম্যানেজার

ভারতীয় রিজার্ভ ব্যাংক
(বিনিময় নিয়ন্ত্রণ বিভাগ)
কেন্দ্রীয় অফিস
মুম্বাই

বিজ্ঞপ্তি নং. FEMA.74/2002-RB.

তাং: নভেম্বর ১, ২০০২

ফরেন এক্সচেঞ্জ ম্যানেজমেন্ট (ভারতে আবাসিক ব্যক্তির বিদেশি মুদ্রা অ্যাকাউন্ট) (সংশোধন) বিধি,
২০০২

ফরেন এক্সচেঞ্জ ম্যানেজমেন্ট বিধি, ১৯৯৯ (১৯৯৯ এর ৪২) এর ৯ নং ধারার (b) নং বিষয় এবং ৪৭ নং ধারার (২) নং উপধারার (e) নং বিষয়ে বর্ণিত অধিকার বলে এবং ৩রা মে, ২০০০ সালে জারি করা বিজ্ঞপ্তি নং. FEMA ১০/২০০০-RB এর আংশিক পরিবর্তনের জন্য ভারতীয় রিজার্ভ ব্যাংক, ফরেন এক্সচেঞ্জ ম্যানেজমেন্ট (ভারতে আবাসিক ব্যক্তির বিদেশি মুদ্রা অ্যাকাউন্ট) বিধি ২০০০ এর সংশোধন করছে, যেমন :-

১. সংক্ষিপ্ত শিরোনাম এবং ভূমিকা

(ক) এই বিধিকে ফরেন এক্সচেঞ্জ ম্যানেজমেন্ট (ভারতে বসবাসকারী ব্যক্তির বিদেশি মুদ্রার অ্যাকাউন্ট) (পঞ্চম সংশোধন) বিধি, ২০০২।

(খ) সরকারি গেজেটে প্রকাশিত হওয়ার সাথেই এগুলি কার্যকর হবে।

২. বিধিগুলির সংশোধন

ফরেন এক্সচেঞ্জ ম্যানেজমেন্ট (ভারতে বসবাসকারী ব্যক্তির বিদেশি মুদ্রার অ্যাকাউন্ট)

বিধি, ২০০২ তে, ৫ নং নির্দেশিকার পরে এই নিম্নলিখিত নির্দেশিকাটি যুক্ত হবে। যেমন :

“5 A. আবাসিক বিদেশি মুদ্রা (অন্তর্দেশীয়) অ্যাকাউন্ট খোলা, রাখা ও রক্ষণাবেক্ষণ করা :

(১) ভারতে আবাসিক একজন ব্যক্তি, কোনো অনুমোদিত ডিলারের সাহায্যে কোন বিদেশি মুদ্রা

অ্যাকাউন্ট খুললে, সেটি আবাসিক বিদেশি মুদ্রা (অন্তর্দেশীয়) অ্যাকাউন্ট হিসাবে পরিচিত হবে, যে

অ্যাকাউন্টটি বিদেশি মুদ্রা, ব্যাংক নোট ও ট্রাভেলার্স চেক হতে প্রাপ্ত মুদ্রা দ্বারা খোলা যাবে :

(a) যখন ভারতের বাইরে কোনো দেশ ভ্রমণে যাবেন, এবং টাকা পাবেন এমন কোনো প্রতিষ্ঠান

থেকে, যারা ভারতে কাজ করেনা; অথবা

- (b) ভারতের আবাসিক নন এমন কোনো ব্যক্তি, যিনি ভারত ভ্রমণে এসেছেন, তাঁর থেকে গৃহীত মূল্য, সাম্মানিক বা উপহার হিসাবে অথবা আইন অনুমোদিত যে কোনো পরিষেবার জন্য; অথবা
- (c) ভারতের বাইরে ভ্রমণকালে সাম্মানিক বা উপহার হিসাবে পাওয়া মূল্য; অথবা
- (d) বিদেশে ভ্রমণের জন্য অনুমোদিত কোনো ব্যক্তির কাছ থেকে প্রাপ্ত মূল্যের খরচ না হওয়া মূল্য দেখানো
- (২) অ্যাকাউন্টের ডেবিট কোনো চালু অ্যাকাউন্টের সঙ্গে লেনদেনের ক্ষেত্রে ধার্য হবে, ফরেন এক্সচেঞ্জ ম্যানেজমেন্ট (চালু খাতা লেনদেন) বিধি, ২০০২ অনুযায়ী এবং পুঁজি অ্যাকাউন্ট লেনদেন অনুমোদন করা হবে ফরেন এক্সচেঞ্জ ম্যানেজমেন্ট (অনুমোদিত পুঁজি অ্যাকাউন্ট লেনদেন) বিধি, ২০০২ অনুযায়ী।
- (৩) অ্যাকাউন্টটি চালু খাতা হিসাবে ব্যবহার করতে হবে, এবং কোনো সুদ হবে না
- (৪) অ্যাকাউন্টের জমা-খরচের উপর কোনো উর্ধ্বসীমা লাগু হবে না।”

স্বাক্ষর/
(কে.জে.উদেশি)
এক্সিকিউটিভ ডিরেক্টর